Total No. of Printed Pages—5

**4 SEM TDC BNLH (CBCS) C 8**

**2026**

( May/June )

BENGALI

( Core )

Paper : C-8

( আধুনিক বাংলা কবিতা )

*Full Marks* : 80
*Pass Marks* : 32

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions.*

**প্রথম একক**

**( কবিতার রূপ-রীতি ও তাত্ত্বিক প্রেক্ষাপট )**

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো ছয়টি) : ১×৬=৬

(ক) 'লিরিক' শব্দটির উদ্ভব প্রাচীন কোন্ যন্ত্র থেকে ?

(খ) 'প্যারডি' কে বাংলায় কি বলে ?

(গ) মধুসূদন দত্ত রচিত একটি পত্রকাব্যের নাম লেখো।

(ঘ) ইতালিতে কোন্ কবির হাত দিয়ে সনেটের জন্ম হয়?

(ঙ) বাংলা শোক-কাব্যের একটি দৃষ্টান্ত দাও।

(চ) কোন্ দেশ থেকে রোমান্টিক আন্দোলনের সূত্রপাত হয়?

(ছ) কোন্ সাহিত্য থেকে ক্লাসিসিজম (Classicism)-এর সূত্রপাত?

২। সংক্ষেপে লেখো (যে কোনো তিনটি) : ৪×৩=১২

(ক) গীতিকবিতা কাকে বলে? উদাহরণসহ গীতিকবিতার বৈশিষ্ট্যগুলি লেখো।

(খ) 'পত্রকাব্য' কাকে বলে? উদাহরণসহ লেখো।

(গ) 'শোক-কবিতা' (Elegy)-র বিষয়ে আলোচনা করো।

(ঘ) 'ক্লাসিসিজম' কাকে বলে? ক্লাসিসিজমের স্বরূপ ব্যাখ্যা করো।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) মহাকাব্য কাকে বলে এবং কত প্রকার? সমগ্র বিশ্বে সর্বমোট কয়টি মৌলিক মহাকাব্য রয়েছে এবং কি কি? মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(খ) রোমান্টিসিজম কাকে বলে? উদাহরণসহ রোমান্টিসিজমের স্বরূপ আলোচনা করো।





## দ্বিতীয় একক

### ( কবি ও কাব্য )

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) নবীনচন্দ্র সেন রচিত একটি মহাকাব্যের নাম লেখো।

(খ) কুসুমকুমারী দাস কোন্ সময়ের কবি?

(গ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় রচিত একটি কাব্যের নাম লেখো।

(ঘ) 'দাদার চিঠি' কবিতাটির কবির নাম কি?

(ঙ) 'দাদার চিঠি' টি কোথা থেকে এসেছে?

৫। সংক্ষেপে লেখো (যে কোনো একটি) : ৫

(ক) কবি কামিনী রায়ের পরিচয় দিয়ে 'সুখ' কবিতাটি আলোচনা করো।

(খ) 'দাদার চিঠি' কবিতাটির মধ্য দিয়ে দাদার যে চরিত্র প্রকাশ পেয়েছে তা উল্লেখ করো।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) 'জন্মভূমি' কবিতাটিকে দেশপ্রেমমূলক কবিতা বলা যায় কিনা, আলোচনা করো।

(খ) উনবিংশ শতাব্দীর এক বিস্ময়কর কবি নবীনচন্দ্র সেন রচিত 'মহানিষ্ক্রমণ' কবিতাটির মূলভাব ব্যাখ্যা করো।

## তৃতীয় একক

### ('মহাকাব্য')

৭। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো ছয়টি) : ১×৬=৬

(ক) 'মেঘনাদবধ কাব্য' কত সালে প্রকাশিত হয়?

(খ) বীরবাহুর জননীর নাম কি?

(গ) "উচিত কি তব একাজ, নিকষা সতী তোমার জননী",—নিকষা কে?

(ঘ) "কর জোড় করি
দাঁড়ায় সম্মুখে ভগ্নদূত, ধূসরিত
ধূলায়, শোণিত আর্দ্র সর্ব্ব কলেবর।"
'ভগ্নদূত'—এর নাম কি?

(ঙ) 'মেঘনাদবধ কাব্য'-এর ষষ্ঠ সর্গটির নাম কি?

(চ) "নাহি কাজ, মিত্রবর সীতায় উদ্ধারি,
ফিরি যাই বনবাসে।"
বক্তা কে?

(ছ) মেঘনাদের স্ত্রীর নাম কি?

৮। সংক্ষেপে লেখো (যে কোনো তিনটি) : ৪×৩=১২

(ক) বীরবাহু কে? তিনি কীভাবে বীরের মতো যুদ্ধ করে মৃত্যুবরণ করলেন? প্রমথ সর্গে ভগ্নদূতের বর্ণনানুযায়ী তার চিত্র তুলে ধরো।





(খ) 'মেঘনাদবধ কাব্য' অবলম্বনে বিভীষণ চরিত্রটি বর্ণনা করো।

(গ) লক্ষণ কীভাবে নিকুম্ভিলা যজ্ঞাগারে প্রবেশ করেছিলেন তার বর্ণনা দাও।

(ঘ) "কৌটা খুলি রক্ষোবধূ যত্নে দিলা ফোঁটা
সীমন্তে; সিন্দুর-বিন্দু শোভিল ললাটে;
গোধূলি-ললাটে, আহা! তারা রত্ন যথা।"
কে এই রক্ষোবধূ? কার ললাটে, কখন 'রক্ষোবধূ' সিন্দুর পরিয়ে দিল?

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১২

(ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গ অবলম্বনে রাবণ চরিত্রটি বর্ণনা করো।

(খ) ষষ্ঠ সর্গ অবলম্বনে লক্ষণ চরিত্রটি বিশ্লেষণ করো।

★★★